

নতুন থ্রিলারে পায়েল -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১৮ ঃ মেহেরপুর-শুক্রবার ৩১ অক্টোবর ২০২৫ ইং ঃ ১৫ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ৮ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর



## চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত থাকার আহ্বান সেনাপ্রধানের

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যদের আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে একবিংশ শতাব্দীর কঠিন চ্যালেঞ্জ মোকাবিলায় সর্বদা প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) চট্টগ্রামের হালিশহর সেনানিবাসের আর্টিলারি সেন্টার অ্যান্ড স্কুল (এসিএন্ডএস)-এ অনুষ্ঠিত রেজিমেন্ট অব আর্টিলারির ৪৪তম এবং আর্মি এয়ার ডিফেন্স কোরের প্রথম বাৎসরিক অধিনায়ক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ

২-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে তালাবদ্ধ গোডাউনে কাঠমিস্ত্রির মরদেহ উদ্ধার

## নিখোঁজ দুই সহযোগী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার পশ্চিম মালসহ গ্রামে একটি তালাবদ্ধ গোডাউন থেকে বিপ্লব হোসেন (৫২) নামে এক কাঠমিস্ত্রির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) রাত সাড়ে আটটার দিকে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে মরদেহটি উদ্ধার করা হয়। নিহত বিপ্লব বগুড়া সদর উপজেলার মৃত আনিসুর রহমানের ছেলে বলে জানা গেছে। স্থানীয় সূত্রে জানা যায়, প্রায় তিন মাস ধরে বিপ্লব হোসেন ও তার সঙ্গে আরও দুইজন সহকারী ওই গোডাউনে থেকে ফার্নিচারের কাজ করতেন। গত কয়েকদিন ধরে বিপ্লবের মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়। এতে সন্দেহ হলে তার পরিবারের সদস্যরা গাংনী থানায় খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে ৫ ভিন্ন মামলায় ৬ আসামির কারাদণ্ড

## আদালতের পেশকার মমিনুল ইসলাম হত্যা মামলাসহ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে পৃথক পাঁচটি মামলায় ছয়জন আসামির বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ডের রায় দিয়েছেন আদালত। গতকাল বৃহস্পতিবার (৩০ অক্টোবর) মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মোঃ শাজাহান আলী এয় আদশে দেন। দন্ডীতরা হলেন, মোঃ রোকনুজ্জামান, মোঃ আল মামুন, মোঃ শাফায়েত মোল্লা, মোঃ রুহুল আমিন, মোঃ জুয়েল রানা ও মোঃ কিফাজ উদ্দিন। গাংনী থানার জি.আর-২৭৫/২১ মামলায় আসামী মোঃ রোকনুজ্জামান ওরফে রোকনকে যথাক্রমে ২ বছর ও ৩ বছর মোট পাচ বছর কারাদণ্ড এবং মোট ৫ লক্ষ টাকার জরিমানা করা হয়েছে। মামলার বিবরণে জানা যায়, ২০২১ সালের ২১ নভেম্বর সকালে গাংনীর চেংগাড়া বাজার এলাকায় শ্যালো ইঞ্জিনচালিত ইটবোঝাই স্টিয়ারিংগাড়ী বেপরোয়া গতিতে চালিয়ে আদালতের পেশকার মমিনুল ইসলামকে ধাক্কা দেয়, এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। মেহেরপুর সদর থানার জি.আর-২১৮/২১ মামলায় আসামী মোঃ আল মামুনকে তাকে ৬ মাসের কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ১৫ দিনের কারাদন্ডের আদেশ দেওয়া হয়েছে । মামলার বিবরণে জানা যায়, ধারালো দা, হাসুয়া ও রড নিয়ে বেআইনি ভাবে বাদীর বাড়িতে হামলা চালায় আসামিরা। আল মামুন হাসুয়া দিয়ে বাদীর মুখে ও চোখের পাশে কোপ মেরে গুরুতর জখম করে মুখমণ্ডল বিকৃত করে দেয়। অন্য আসামিরা বাদী ও তার স্ত্রীকেও পিটিয়ে আহত করে। গাংনী থানার জি.আর-৮৮/২৩ মামলায় আসামী মোঃ শাফায়েত মোল্লাকে ৬ মাসের কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে ১৫ দিনের কারাদণ্ডে দণ্ডিত হন । অন্যান্য আসামিরা খালাস পান। মামলার বিবরণে জানা যায়, জমিজমা নিয়ে বিরোধের জেরে আসামিরা বাদীর স্বামীকে লোহার রড ও লাঠি দিয়ে মারধর করে গুরুতর জখম করে। এ সময় ৩০ হাজার টাকা ছিনিয়ে নেয় এবং বাদীর স্বামীর মোটরসাইকেল ভাঙচুর করা হয়। মেহেরপুর সদর থানার জি.আর-২১৪/১৮ মামলায় আসামী মোঃ রুহুল আমিনকে ৬ মাসের কারাদণ্ড ও ৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে ১০ দিনের কারাদন্ডের আদেশ দেওয়া হয়েছে হয়েছে। মামলার বিবরণে জানা যায়, ২০১৮ সালের ৩ আগস্ট গোয়েন্দা পুলিশের বিশেষ অভিযানে তার কাছ থেকে ২৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। মুজিবনগর থানার জি.আর-২৭/২০ মামলায় আসামী মোঃ জুয়েল রানা ও মোঃ কিফাজ উদ্দিন ওরফে কিপাকে ৬ মাসের কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে। অন্যান্য আসামিরা খালাস পান। মামলার বিবরণে জানা যায়, ভাত রান্নার সময় চাল ধোয়া পানি সামান্য

২-এর পৃষ্ঠা দেখুন




## নার্সিং কর্মকর্তাদের মানববন্ধন: স্বতন্ত্র অধিদপ্তর সংরক্ষণের দাবি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে নার্সিং কর্মকর্তারা নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে বিলুপ্ত করে অন্য অধিদপ্তরে একীভূত করার প্রস্তাবের প্রতিবাদে মানববন্ধন করেছেন। তারা সরকারের কাছে স্বতন্ত্র প্রশাসন, উন্নত কর্মপরিবেশ ও প্রফেশনাল ক্যারিয়ার বাস্তবায়নের দাবি জানান।গতকাল বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেনারেল হাসপাতালের সামনে অনুষ্ঠিত মানববন্ধনে বাংলাদেশ নার্সেস

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে নদীতে ডুবে দুই শিশুর মর্মান্তিক মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

ঝিনাইদহের সদর উপজেলার কাতলামারী গ্রামে নবগঙ্গা নদীতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) দুপুর ১২টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলো কাতলামারী গ্রামের সোহেল রানার ছেলে আরিয়ান (৫) ও তার চাচা তারা মিয়ার মেয়ে তাসনিম (৬)। তারা পাশাপাশি বাড়িতে থাকত। পরিবার সূত্রে জানা গেছে, প্রতিদিনের মতো গতকাল বৃহস্পতিবার সকালেও দুই শিশু বাড়ির পাশে নবগঙ্গা নদীর ধারে খেলতে গিয়েছিল। খেলতে খেলতে হঠাৎ আরিয়ান নদীতে

২-এর পৃষ্ঠা দেখুন




## শিক্ষাবিদ এম সাফদার অলী'র মৃত্যুবার্ষিকী পালণ

নিজস্ব প্রতিবেদক

শিক্ষাবিদ, অনারারি ম্যাজিস্ট্রেট ও কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রতিষ্ঠাতা ও প্রধান শিক্ষক মরহুম এম সাফদার অলী'র ৪২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে শহরের কবি নজরুল শিক্ষা মঞ্জিলের

২-এর পৃষ্ঠা দেখুন

## দর্শনা থেকে ৫ কেজি ভারতীয় রুপা উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার দর্শনায় অভিযান চালিয়ে প্রায় ৬ কেজি ভারতীয় দানাদার রুপা উদ্ধার করেছে বিজিবি-এর ৬ ব্যাটালিয়নের সদস্যরা। এ সময় চোরাকারবারিদের ফেলে যাওয়া একটি মোটরসাইকেলও জব্দ করেছে বিজিবি। গতকাল বৃহস্পতিবার (৩০ অক্টোবর) সন্ধ্যা সাড়ে ৫টার দিকে দর্শনা থানাধীন রুদ্রনগর এলাকায় অভিযান চালিয়ে এই রূপা উদ্ধার করা হয়। এ সময় রুদ্রনগর মাথাভাঙ্গা নদী সংলগ্ন পাকা রাস্তা দিয়ে দুই ব্যক্তি মোটরসাইকেল যোগে সীমান্তের দিকে যেতে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরের জেলা বিএনপির সাধারণ সম্পাদক'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের আমদহ বাজারে বিএনপির ৩১ দফা দাবি প্রচারে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়। এসময় তিনি এলাকাবাসীর হাতে

২-এর পৃষ্ঠা দেখুন




## ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দুই মাদকসেবীকে কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দুই মাদকসেবীকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা এই অভিযান পরিচালনা করেন। দণ্ডপ্রাপ্তরা হলেন মেহেরপুর পৌর এলাকার গোরস্থান পাড়ার মৃত ইউনুস খাঁর ছেলে জনি খাঁ (৪২) এবং সদর উপজেলার হরিরামপুর গ্রামের শেখ বক্সের ছেলে তাহাজ্জেল

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রতীক তালিকায় যুক্ত হলো 'শাপলা কলি'

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশনের (ইসি) প্রতীক তালিকায় নতুন প্রতীক হিসেবে যুক্ত হয়েছে 'শাপলা কলি'। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) নির্বাচন কমিশন সচিবালয় থেকে এ সংক্রান্ত এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, ১৯৭২ সালের সংবিধানের অনুচ্ছেদ ৯৪ অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন 'নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮'-এর সংশোধন অনুমোদন করেছে। নতুন এই সংশোধনের মাধ্যমে প্রতীক তালিকায় 'শাপলা কলি' প্রতীকটি ১০২ নম্বরে যুক্ত করা হয়েছে। প্রজ্ঞাপনে আরও বলা হয়, "উপরিউক্ত বিধিমালার বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে। এই বিধির

২-এর পৃষ্ঠা দেখুন



## নরমাল ডেলিভারির মা ও শিশুকে জেলা প্রশাসকের শুভেচ্ছা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারির মাধ্যমে শিশুর জন্মদানকারী মায়েদের জন্য জেলা প্রশাসকের পক্ষ থেকে উপহার বিতরণ অব্যাহত রয়েছে। গতকাল বৃহস্পতিবার সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা মা ও শিশু কল্যাণ কেন্দ্র উপস্থিত হয়ে বুড়িপোতা গ্রামের আসমা খাতুনের হাতে জেলা প্রশাসকের শুভেচ্ছা উপহার তুলে দেন। আসমা খাতুন দুপুরে ভর্তি হলে নরমাল ডেলিভারির মাধ্যমে তিনি

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে চেক প্রতারণা মামলায় ব্যবসায়ীর ১ বছরের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

চেক প্রতারণা মামলায় এক ব্যবসায়ীকে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ১ কোটি ২ লাখ ৭৮ হাজার ৬০০ টাকার অর্থদণ্ড দিয়েছেন আদালত।
বুধবার দুপুরে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক ইমদাদুল হক এ রায় ঘোষণা করেন। সাজাপ্রাপ্ত আসামি হলেন খুলনা দৌলতপুর উপজেলার মো. সিরাজুল ইসলামের ছেলে মো. সাজেদুর রহমান সুমন। মামলার সূত্রে জানা যায়, আসামি সাজেদুর রহমান সুমন মেসার্স এস.আর জুট ট্রেডিংয়ের স্বত্বাধিকারী হিসেবে পাট ব্যবসায়ী আমাম হোসেন মিলুর কাছ থেকে ৫৫৫৬ মণ লুজ তোষা পাট প্রতি মণ ১ হাজার ৮৫০ টাকায় ক্রয় করেন। পাট বুঝে নিয়ে তিনি ১ কোটি ২ লাখ ৭৮ হাজার ৬০০ টাকার একটি চেক প্রদান করেন, যা সোনালী ব্যাংক লিমিটেড, কলেজ রোড, খুলনা শাখা থেকে ইস্যু করা হয়। পরবর্তীতে ২০১৯ সালের ১২ জুন চেকটি সোনালী ব্যাংক মেহেরপুর কোর্টবিল্ডিং শাখায় জমা দিলে ২৩ জুন ব্যাংক কর্তৃপক্ষ "অপর্যাপ্ত তহবিল" মন্তব্যসহ তা ফেরত

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (অজানা রোগে পেকে ফেটে যাচ্ছে কলা)

আশা ছিল কলা চাষে
কৃষক এবার করবে লাভ
অজানা এক রোগ এসে
করল চাষীর সর্বনাশ।
কলা চাষে বেশি লাভে
সার দিল সব দ্বিগুণে
অপুষ্টিতে পাকলো কলা
চাষির হাত কপালে।
লিজ নিলো চাষের জমি
লক্ষ টাকা খরচে
কোথায় থেকে উঠবে টাকা
পড়লো চাষী বিপাকে।
বৃষ্টিই এবার বড় বাধা
চাষের কোন উপায় নাই
সরকারি অনুদান একটুপেলে
ফিরে পাবে চাষীর প্রাণ।



## মেহেরপুর গোল্ড কাপ ফুটবলে পৌরসভা একাদশ জয়ী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত সদর উপজেলা গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টে মেহেরপুর পৌরসভা একাদশ জয়লাভ করেছে। গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় মেহেরপুর পৌরসভা একাদশ ৩-০ গোলে বারাদী

২-এর পৃষ্ঠা দেখুন

## আওয়ামী লীগের নামে এখন আর রাজনীতি করা সম্ভব নয়: আমানউল্লাহ আমান

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আমানউল্লাহ আমান বলেছেন, দেশের রাজনীতিতে আওয়ামী লীগের ফিরে আসার আর কোনো সুযোগ নেই। জনগণ তাদের সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করেছে। বুধবার (২৯ অক্টোবর) কেরানীগঞ্জ উপজেলার গোয়ালখালী উচ্চ বিদ্যালয় মাঠে বাস্তা ইউনিয়নের ১, ২ ও ৩ নম্বর ওয়ার্ডের নেতাকর্মীদের সঙ্গে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আমানউল্লাহ আমান বলেন, "দীর্ঘদিন ধরে আওয়ামী লীগ জনগণের ওপর দমন-পীড়ন

২-এর পৃষ্ঠা দেখুন



## শোলমারীতে ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে রশিকপুর একাদশের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারীতে ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে গতকাল বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত খেলায় রশিকপুর একাদশ ১-০ গোলে স্বাগতিক শোলমারী একাদশকে পরাজিত করে। খেলার প্রথমার্ধে

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শুক্রবার ॥ ১৫ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ৩১ অক্টোবর ২০২৫ইং

# নভেম্বরেই নতুন ইউনিফর্মে পুলিশ, আপাতত অপেক্ষায় র‍্যাব ও আনসার


সূর্যোদয় প্রতিবেদন




জুলাই গণঅভ্যুত্থানের পর পুলিশ বাহিনীর মধ্যে দীর্ঘদিনের দাবি ছিল পুরোনো ইউনিফর্ম পরিবর্তনের। সেই দাবির পরিপ্রেক্ষিতেই অন্তর্বর্তী সরকার চলতি বছরের শুরুতে বাংলাদেশ পুলিশ, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) ও আনসার বাহিনীর পোশাক পরিবর্তনের সিদ্ধান্ত নেয়। নয় মাসের প্রস্তুতি শেষে অবশেষে আগামী ১৫ নভেম্বর থেকে নতুন ইউনিফর্মে মাঠে নামছেন মেট্রোপলিটন পুলিশের সদস্যরা। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, পুলিশের নতুন ইউনিফর্মের রং নির্ধারণ করা হয়েছে লোহার (আয়রন) রঙের। র‍্যাবের পোশাক হবে জলপাই (অলিভ) রঙের এবং আনসার বাহিনীর পোশাকের রং নির্ধারণ করা হয়েছে সোনালি গমের (গোল্ডেন হুইট)। পুলিশ সদর দপ্তরের ডিআইজি (লজিস্টিক্স) খোন্দকার নজমুল হাসান বলেন, "নতুন ইউনিফর্ম ১৫ নভেম্বরের মধ্যে দেখা যাবে। যে রঙের ইউনিফর্ম অনুমোদন হয়েছিল, সেটিই পরা শুরু হবে। প্রথমে ডিএমপিসহ সব মেট্রোপলিটন পুলিশ সদস্যরা নতুন পোশাকে মাঠে নামবেন। পর্যায়ক্রমে জেলা পুলিশও তা পাবে।" তবে র‍্যাব ও আনসার বাহিনীর ক্ষেত্রে এখনো নতুন ইউনিফর্ম কার্যকর হচ্ছে না। র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী জানান, জানুয়ারিতে মন্ত্রণালয়ে নতুন ইউনিফর্মের একটি ডিজাইন উপস্থাপন করা হলেও সেটি এখনো অনুমোদন পায়নি। ফলে তারা আপাতত

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## অ্যানথ্রাক্স: কী, কীভাবে ছড়ায় ও প্রতিকার

সূর্যোদয় প্রতিবেদন

অ্যানথ্রাক্স মূলত ব্যাকটেরিয়াজনিত গুরুতর সংক্রামক রোগ। ব্যাসিলাস অ্যানথ্রাসিস ব্যাকটেরিয়ার কারণে এ রোগ হয়। এটি মূলত গবাদিপশুতে দেখা যায়, তবে সংক্রমিত পশু বা তাদের পণ্য (চামড়া, পশম, মাংস) থেকে মানুষও আক্রান্ত হতে পারে। মানুষ সাধারণত তিনভাবে সংক্রমিত হতে পারে:- ত্বকের মাধ্যমে: সংক্রমিত পশুর চামড়া বা পশম স্পর্শ করলে। শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে: স্পোরযুক্ত বাতাস ফুসফুসে প্রবেশ করলে।

খাদ্য গ্রহণের মাধ্যমে: সংক্রমিত পশুর মাংস খেলে। ত্বকের অ্যানথ্রাক্স: চুলকানিযুক্ত বাম্প, পরবর্তীতে ব্যাথাহীন কালো আলসার, জ্বর, মাথাব্যথা। শ্বাসনালী/ফুসফুসের অ্যানথ্রাক্স: ফ্লু-সদৃশ লক্ষণ, জ্বর, কাশি, পেশী ব্যথা; গুরুতর হলে শ্বাসকষ্ট ও বুকে ব্যথা। পরিপাকতন্ত্রের অ্যানথ্রাক্স: বমি, জ্বর, পেটে ব্যথা। গুরুতর হলে রক্তাক্ত ডায়রিয়া ও অন্ত্রের প্রদাহ। প্রতিরোধ ও করণীয়- পশুদের নিয়মিত অ্যানথ্রাক্স টিকা দেওয়া। সংক্রমিত পশু বা মৃত পশুর সংস্পর্শ এড়ানো। আক্রান্ত পশুর জবাই বন্ধ রাখা। মৃত পশু মাটির গভীরে পুঁতে সৎকার করা। মৃত পশু সৎকারের সময় গ্লাভস ও সুরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার করা। সচেতনতা বাড়ানো ও সতর্কতা অবলম্বন করাই এই মারাত্মক রাগের সংক্রমণ রোধের প্রধান হাতিয়ার।



## সড়ক দুর্ঘটনায় সাবেক ছাত্রনেতা আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আলমপুরে সড়ক দুর্ঘটনায় মেহেরপুর জেলা ছাত্র শিবিরের সাবেক সভাপতি ও গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি খালিদ সাইফুল ইসলাম আহত হয়েছেন। দুর্ঘটনার পর তাকে স্থানীয় একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে। প্রাথমিক তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার সকালের দিকে খালিদ সাইফুল ইসলাম মোটরসাইকেল যোগে শ্যামপুর থেকে মেহেরপুর আসার পথে আলমপুর এলাকায় মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে পড়ে যান। পরবর্তীতে স্থানীয়রা তাকে উদ্ধার করে ক্লিনিকে ভর্তি করেন। স্থানীয়রা জানান, খালিদ সাইফুল ইসলামের শারীরিক অবস্থা স্থিতিশীল এবং চিকিৎসকরা তার উপর নজর রাখছেন।

## ঐকমত্য কমিশন জাতির সঙ্গে প্রতারণা করেছে : মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দীর্ঘ এক বছরের আলোচনার পরও জাতীয় ঐকমত্য কমিশন ও সরকারের প্রস্তাব একপেশে, জবরদস্তিমূলক এবং জাতির সঙ্গে প্রতারণার শামিল। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) গুলশানে চেয়ারপারসনের কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, "সংস্কার কমিশন ও ঐকমত্য কমিশনের আলোচনাগুলোকে প্রহসনে পরিণত করা হয়েছে। সরকারের প্রস্তাবিত বাস্তবায়ন আদেশ গণতন্ত্র, সংসদীয় সার্বভৌমত্ব ও আইনের শাসনের পরিপন্থী।" তিনি অভিযোগ করেন, বিএনপি ও অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গে ঐকমত্যের ভিত্তিতে প্রণীত 'জুলাই জাতীয় সনদ ২০২৫'এর

৩-এর পৃষ্ঠা দেখুন




## কৃষকদের মাটি পরীক্ষা ও সুষম সার ব্যবহারে প্রশিক্ষণ

নিজস্ব প্রতিবেদক

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয় কুষ্টিয়ার আয়োজনে এবং উপজেলা কৃষি অফিসের সহযোগিতায় মেহেরপুর সদর উপজেলায় কৃষকদের জন্য একদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষাগারের জন্য মৃত্তিকা নমুনা সংগ্রহের পদ্ধতি, সুষম সার ব্যবহার এবং ভেজাল সার শনাক্তকরণ বিষয়ে বিস্তারিত প্রশিক্ষণ দেওয়া হয়। এতে উপজেলার সাতটি ইউনিয়ন ও একটি পৌরসভার মোট ৫০ জন কৃষক-কৃষাণী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা হাফিজা

৩-এর পৃষ্ঠা দেখুন

## জনগণ সংস্কার বোঝে না, এটা বাস্তবসম্মত কথা নয়: তাসনিম জারা

সূর্যোদয় প্রতিবেদন

জনগণ সংস্কার ও পরিবর্তন বোঝে নাড়এমন ধারণাকে অবাস্তব বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সিনিয়র যুগ্ম সদস্য সচিব ডা. তাসনিম জারা। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) শফিকুল কবির মিলনায়তনে নাগরিক ঐক্য আয়োজিত 'রাজনীতির বর্তমান এবং ভবিষ্যৎ পথরেখা' শীর্ষক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। তাসনিম জারা বলেন, "আমরা যখন মানুষের সঙ্গে কথা বলি, তৃণমূলে যাই, উঠানে বা চায়ের দোকানে বসিড়তখন তারা খুব পরিষ্কারভাবে বলছেন কোথায় তাদের ধোঁকা দেওয়া হচ্ছে। যখন একজন মা বলেন, 'আমি বিচার চাই', বা একজন বাবা বলেন, 'আমি সাত লাখ টাকা ঘুষ দিয়ে কেন ছেলের জন্য

৩-এর পৃষ্ঠা দেখুন



## সাহেবপুরে দরিদ্র শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

নিজস্ব প্রতিবেদক

সাহেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় ম্যানেজিং কমিটির (এস.এম.সি) উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের মানোন্নয়ন, শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি এবং সার্বিক উন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভা শেষে সাহেবপুর ও রাইপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দরিদ্র ও বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের মধ্যে স্কুল ব্যাগ, খাতা ও ইউনিফর্ম বিতরণ করা হয়। এ কর্মসূচিতে সহযোগিতা প্রদান করেছে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান। অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, অভিভাবক

৩-এর পৃষ্ঠা দেখুন





## রেড ক্রিসেন্ট: মারুফ-বকুল প্যানেলের মনোনয়নপত্র উত্তোলন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির আসন্ন নির্বাচনে মনোনয়নপত্র উত্তোলন করেছেন অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন ও আলামিন বকুলের নেতৃত্বাধীন প্যানেল। বুধবার দুপুরে তারা জেলা রেড ক্রিসেন্ট কার্যালয় থেকে মনোনয়নপত্র সংগ্রহ করেন। প্যানেলে সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন এবং ভাইস প্রেসিডেন্ট পদে জিনিয়াস স্কুলের

৩-এর পৃষ্ঠা দেখুন

## গণভোট নভেম্বরেই শেষ করতে হবে জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আব্দুল হালিম বলেছেন, "নভেম্বর মাসের মধ্যেই গণভোট আয়োজন করতে হবে। জাতীয় নির্বাচন আর গণভোট একদিনে নয়। গণভোট আগে না হলে জাতীয় নির্বাচন প্রশ্নবিদ্ধ হবে।" বৃহস্পতিবার (৩০ অক্টোবর) দুপুরে তিনি নির্বাচন ভবনে সিইসির কাছে নভেম্বরে গণভোটসহ নানা দাবিতে স্মারকলিপি দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন।

আব্দুল হালিম বলেন, "আজ

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গার মুন্সিগঞ্জে ৩ দোকান মালিককে জরিমানা

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গর মুন্সিগঞ্জে মেয়াদোত্তীর্ণ ওষুধ ও মেয়াদোত্তীর্ণ তারিখ না থাকায় ৩ দোকান মালিককে ২৮ হাজার জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।গতকাল বৃহস্পতিবার দুপুরে জেলার আলমডাঙ্গা উপজেলার মুন্সিগঞ্জ বাজারে অভিযান পরিচালনা

৩-এর পৃষ্ঠা দেখুন



## অসুস্থ হয়ে হাসপাতালে মাহমুদউল্লাহ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় দলের সাবেক অধিনায়ক মাহমুদউল্লাহ রিয়াদ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে তার অসুস্থতার খবর জানিয়ে দোয়া চেয়েছেন তার স্ত্রী জান্নাতুল কাওসার মিষ্টি। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) সকাল ১১টা ১৪

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## প্রতারণা ঠেকাতে নতুন উদ্যোগ

সূর্যোদয় প্রতিবেদন

ফেসবুক, মেসেঞ্জার, ইনস্টাগ্রাম ও হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীদের অনলাইন প্রতারণা ও সাইবার হামলা থেকে রক্ষা করতে নতুন নিরাপত্তাসুবিধা ও সচেতনতামূলক কর্মসূচি চালু করেছে মেটা। নতুন এ উদ্যোগের আওতায় ফেসবুক, মেসেঞ্জার ও হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীদের জন্য 'পাসকি'সহ একাধিক নতুন সুবিধা যুক্ত করা হয়েছে। পাসকি সুবিধার মাধ্যমে ব্যবহারকারীরা আঙুলের ছাপ, মুখের ছবি বা পিন ব্যবহার করে নিজেদের অ্যাকাউন্টে লগইন করতে পারবেন। ফলে পাসওয়ার্ড চুরি বা ফাঁস হওয়ার ঝুঁকি কমবে। মেটার তথ্য মতে, অনলাইনে প্রতারকরা




প্রায়ই হোয়াটসঅ্যাপে ভিডিও কল চলাকালে ফোনের পর্দা শেয়ার করতে বলে। এর মাধ্যমে তারা ব্যবহারকারীদের ব্যাংক অ্যাকাউন্টের তথ্য, পিন বা যাচাইকরণ কোড হাতিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা।
( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় | মেহেরপুর, শুক্রবার, ৩১ অক্টোবর ২০২৫ ইং



## নভেম্বরেই নতুন ইউনিফর্মে পুলিশ

(শেষ পৃষ্ঠার পর)

পুরোনো কালো পোশাকই ব্যবহার করছেন। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্ষেত্রেও একই অবস্থা। বাহিনীর এক ঊর্ধ্বতন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, "গোল্ডেন হুইট রঙের ইউনিফর্ম প্রস্তাব করা হয়েছিল, তবে রঙটি নিয়ে আপত্তি থাকায় কয়েকটি বিকল্প রং মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। নির্বাচনের আগে নতুন পোশাক কার্যকর হওয়ার সম্ভাবনা কম।" এবারই প্রথম জেলা ও মেট্রোপলিটন পুলিশ একই রঙের পোশাক পরবে। এর আগে দুই ইউনিটের রঙ ছিল আলাদাড় মহানগরে হালকা জলপাই ও জেলায় গাঢ় নীল। নতুন পোশাক একীভূত করার ফলে পুরো বাহিনী একরূপ ইউনিফর্মে কাজ করবে। তবে এ নিয়ে মাঠপর্যায়ে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। ডিএমপি'র কনস্টেবল থেকে ইন্সপেক্টর পর্যন্ত একাধিক কর্মকর্তা জানিয়েছেন, এক রঙের ইউনিফর্মে জেলা ও মহানগরের সদস্যদের পার্থক্য বোঝা কঠিন হবে। কেউ কেউ নতুন আয়রন রঙকেও অচেনা ও 'গাঢ়' মনে করছেন। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, নতুন ইউনিফর্মের কাপড় পরীক্ষা করে দেখা হয়েছে বাংলাদেশের আবহাওয়ার উপযোগিতা ও মান। তাপ নিয়ন্ত্রণ, আরাম এবং দীর্ঘস্থায়িত্বের বিষয়গুলো মাথায় রেখে কাপড় বাছাই করা হয়েছে। বাংলাদেশ পুলিশের পোশাকের ইতিহাস ব্রিটিশ আমল পর্যন্ত প্রসারিত। প্রথমে পুলিশের পোশাক ছিল সাদা, পরে তা সহজে নোংরা হয়ে যাওয়ায় ব্রিটিশ অফিসার স্যার হ্যারি লুমসডেনের পরামর্শে ১৮৪৭ সালে খাকি রঙ প্রবর্তিত হয়। স্বাধীনতার পর ২০০৪ সালে পোশাকে বড় পরিবর্তন আসেড় মহানগর পুলিশ পায় হালকা জলপাই, আর জেলা পুলিশ পায় গাঢ় নীল রঙের পোশাক। ২০২০ সাল থেকেই পুলিশের ইউনিফর্ম পরিবর্তন নিয়ে আলোচনা চলছিল। তবে নানা জটিলতায় তা বাস্তবায়িত হয়নি। অবশেষে ২০২৫ সালের নভেম্বরে আসছে সেই পরিবর্তনের বাস্তব রূপড় আয়রন রঙের নতুন ইউনিফর্মে নতুন উদ্যমে মাঠে নামছে পুলিশ বাহিনী।

## সাহেবপুরে দরিদ্র শিক্ষার্থীদের মাঝে

(শেষ পৃষ্ঠার পর)

প্রতিনিধি, এস.এম.সি কমিটির সদস্যবৃন্দ এবং প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা উপস্থিত ছিলেন। শিক্ষা উপকরণ পেয়ে শিক্ষার্থী ও অভিভাবকরা সন্তোষ প্রকাশ করেন। তারা জানান, এই উদ্যোগ শিক্ষার্থীদের পড়াশোনায় আগ্রহ ও অংশগ্রহণ বাড়াবে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বলেন, "এমন উদ্যোগ বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।"

## প্রতারণা ঠেকাতে নতুন উদ্যোগ

(শেষ পৃষ্ঠার পর)

নেয়। এই কৌশল ব্যবহার করে নিয়মিত প্রতারণার ঘটনা ঘটছে। নতুন এ পরিবর্তনের ফলে হোয়াটসঅ্যাপে এখন থেকে কোনো ব্যবহারকারী অচেনা ব্যক্তির সঙ্গে ভিডিও কলে ফোনের পর্দা শেয়ার করতে চাইলে আগে থেকেই সতর্কবার্তা দেখানো হবে।

মেটার নতুন এ উদ্যোগের আওতায় মেসেঞ্জারে চালু করা হয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নির্ভর প্রতারণা শনাক্তকরণ ব্যবস্থা। ফলে নতুন যুক্ত হওয়া কোনো আইডি থেকে সন্দেহজনক বার্তা এলে ব্যবহারকারী সতর্কবার্তা পাবেন এবং চাইলে সাম্প্রতিক বার্তাগুলো এআইয়ের মাধ্যমে যাচাই করাতে পারবেন। ব্যবহারকারীরা চাইলে প্রতারণা প্রতিরোধে করণীয় জানার পাশাপাশি সন্দেহজনক অ্যাকাউন্ট ব্লক বা মেটার কাছে অভিযোগ করতে পারবেন। ফেসবুক ও ইনস্টাগ্রামে চালু করা হয়েছে 'সিকিউরিটি চেকআপ' সুবিধা। সুবিধাটি ব্যবহারকারীদের নিরাপত্তা সেটিংস পর্যালোচনায় সাহায্য করবে এবং পাসওয়ার্ড আপডেটসহ ব্যক্তিগত নিরাপত্তাসংক্রান্ত পরামর্শ দেবে। পর্যায়ক্রমে সব ব্যবহারকারীর জন্য এসব নিরাপত্তাসুবিধা উন্মুক্ত করা হবে।

## রেড ক্রিসেন্ট: মারুফ-বকুল

(শেষ পৃষ্ঠার পর)

প্রিন্সিপাল আলামিন বকুল। এ ছাড়া প্যানেলের অন্যান্য সদস্যরা হলেনড় নুর রহমান, আনোয়ারুল হক কালু, মাজাহারুল ইসলাম, নজরুল ইসলাম, আবু সাইদ ও কাজী রুহুল আমিন। মনোনয়নপত্র উত্তোলনের সময় প্যানেলের সমর্থক ও শুভাকাঙ্ক্ষীরা উপস্থিত ছিলেন। নির্বাচনে জয়ী হয়ে সংগঠনের কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতা আনবেন বলে প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন তারা।

## গণভোট নভেম্বরেই শেষ করতে হবে

(শেষ পৃষ্ঠার পর)

সিইসির সঙ্গে দেখা হয়েছে। আমরা বলেছি, গণভোট নভেম্বর মাসের মধ্যে শেষ করতে হবে। সংশোধিত আরপিও নিয়ে কিছু দল সংশোধনী আনতে চেয়েছে, আমরা বলেছি আরপিও হুবহু বহাল রাখতে হবে।" তিনি আরও জানান, আট দলের দাবির বিষয়টি কমিশন আমলে নিয়েছে। "জাতীয় নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করতে হবে। আট দলের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, স্মারকলিপি দেওয়ার পর পরিস্থিতি পর্যবেক্ষণ করে ৩ নভেম্বর নতুন কর্মসূচি ঘোষণা করা হবে। সিইসি আমাদের কথা শুনেছেন এবং দাবি বিবেচনার ক্ষেত্রে তাদের ভূমিকার কথা বলেছেন।" জুলাই জাতীয় সনদে স্বাক্ষরের প্রসঙ্গে তিনি বলেন, "বর্তমান আলোচিত বিষয় হচ্ছে জুলাই জাতীয় সনদ। সনদে ২৫টি রাজনৈতিক দল স্বাক্ষর করেছে। যারা জুলাই চেতনার পরিপন্থি কাজ করবে, তারা ইনশাআল্লাহ জনগণের কাছে নিগৃহীত হবে। তাই গণভোট আগে না হলে জাতীয় নির্বাচন প্রশ্নবিদ্ধ হবে।" এর আগে একই দিনে আটটি দল আলাদাভাবে সিইসিকে স্মারকলিপি দিয়েছেন। তাদের প্রধান দাবির মধ্যে রয়েছেড় নভেম্বরে গণভোট আয়োজন, সরকার ঘোষিত আরপিও বহাল রাখা, এবং সবার জন্য লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করা।

কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর



ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

## চুয়াডাঙ্গার মুন্সিগঞ্জে ৩ দোকান

(শেষ পৃষ্ঠার পর)

করে এ জরিমানা করা হয়। এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। সহযোগিতায় ছিলেন ক্যাব প্রতিনিধি মো. রফিকুল ইসলাম ও পুলিশের একটি টিম। সহকারী পরিচালক জানান, আলমডাঙ্গা উপজেলার মুন্সিগঞ্জ এলাকায় বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ থেকে দুপুর ১ টা পর্যন্ত অভিযান পরিচালিত হয়। এ সময় পণ্যে উৎপাদনের মেয়াদোত্তীর্ণ তারিখ, উৎপাদনকারী প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ তথ্য না থাকায় মো. সিহাব উদ্দিনের মেসার্স বাবু স্টোরকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া দন্ত চিকিৎসায় মেয়াদোত্তীর্ণ ওষুধ ব্যবহার করায় মো. শাকিব হোসেনের প্রতিষ্ঠান মেসার্স মল্লিক ডেন্টালকে ৩ হাজার ও মো. আরিফুজ্জামান ফরজের প্রতিষ্ঠান মেডিকেল এন্ড ডেন্টালকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। ৩ দোকান মালিককে মোট ২৮ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

## অসুস্থ হয়ে হাসপাতালে মাহমুদউল্লাহ

(শেষ পৃষ্ঠার পর)

মিনিটে নিজের ফেসবুক পেজে এক পোস্টে রিয়াদের অসুস্থতার খবর জানান মিষ্টি। পোস্টে তিনি লেখেন, "আল্লাহ যখন কাউকে ভালোবাসেন, তখন তাকে বিপদ-আপদ দিয়ে পরীক্ষা করেন। সব কিছুর জন্য আলহামদুলিল্লাহ। আল্লাহ ভীষণ দয়ালু। তার (রিয়াদ) জন্য দোয়া করবেন। আল্লাহুম্মা বারিক লাহু।" পারিবারিক সূত্রে জানা গেছে, গত চারদিন ধরে অসুস্থ ছিলেন মাহমুদউল্লাহ। প্রথমে জ্বরে ভুগলেও পরে পরীক্ষা-নিরীক্ষার পর তার ডেঙ্গু ধরা পড়ে। অবস্থা জটিল হওয়ায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়। তবে চিকিৎসকদের বরাতে জানা গেছে, মাহমুদউল্লাহর শারীরিক অবস্থা বর্তমানে আগের তুলনায় কিছুটা উন্নতি হয়েছে। সবকিছু ঠিক থাকলে আগামী দুই-এক দিনের মধ্যেই তিনি হাসপাতাল থেকে বাসায় ফিরতে পারবেন। উল্লেখ্য, আন্তর্জাতিক ক্রিকেট থেকে ইতোমধ্যে অবসর নিয়েছেন মাহমুদউল্লাহ রিয়াদ। তবে ঘরোয়া ক্রিকেটে তিনি এখনো সক্রিয়। সাম্প্রতিক ইনজুরির কারণে কিছুদিন ধরে মাঠের বাইরে ছিলেন, এর মধ্যেই নতুন করে অসুস্থ হয়ে পড়েন তিনি। বাংলাদেশ ক্রিকেটের অন্যতম অভিজ্ঞ এই অলরাউন্ডারের দ্রুত সুস্থতা কামনা করেছেন ভক্ত-সমর্থক ও সতীর্থরা।

## বাস্তবসম্মত কথা নয়: তাসনিম জারা

(শেষ পৃষ্ঠার পর)

চাকরি নেব? আমি তো তাকে পড়াশোনা করিয়েছি'ড়তখন তারা মূলত পরিবর্তনের কথাই বলছেন, সংস্কারের কথাই বলছেন।" তিনি আরও বলেন, "যারা ক্ষমতায় থাকেন, রাজনীতিবিদরা, যারা ব্যবসায়ী আছেনড়এই নেক্সাস মিলে একটা অসম সমাজ তৈরি করেছে। আমাদের দারিদ্র্যের মধ্যে রাখা হয়েছে এবং নাগরিক হিসেবে যেসব মৌলিক সুবিধা আমাদের পাওয়ার কথা, সেখান থেকেও বঞ্চিত করা হচ্ছে। মানুষ এগুলো বোঝে। শুধু বোঝেই না, এই অন্যায়ের বিরুদ্ধেই তারা গত বছর মাঠে নেমেছে, প্রাণও দিয়েছে।" তরুণদের গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে এনসিপির এই নেত্রী বলেন, "তরুণদের ছোট করে দেখার একটা প্রবণতা আমরা লক্ষ্য করছি গত এক-দেড় বছর ধরে। কিন্তু মনে রাখতে হবে, আমাদের ৫৭ শতাংশ মানুষই ২৫ বছরের নিচে। এই বিপুল তরুণ জনগোষ্ঠীকে যদি আমরা রাজনীতির সঙ্গে সম্পৃক্ত করতে না পারি, সেটা হবে আমাদের বড় ব্যর্থতা।" তিনি আরও বলেন, "আমাদের সামনে এখন একটা বড় সুযোগ এসেছেড় তরুণরা রাজনীতিতে আগ্রহ দেখাচ্ছেন, দেশের জন্য কীভাবে কাজ করা যায় সেটা ভাবছেন। রাজনীতিবিদদের দায়িত্ব হলো তাদের জন্য এমন পরিবেশ তৈরি করা, যেখানে তারা রাজনীতিতে যুক্ত থেকে ইতিবাচক ভূমিকা রাখতে পারবেন।"


## কৃষকদের মাটি পরীক্ষা ও সুষম সার

(শেষ পৃষ্ঠার পর)

সুলতানা। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সনজীব মৃধা এবং বিশেষ অতিথি ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান। প্রশিক্ষণ পরিচালনা করেন বৈজ্ঞানিক কর্মকর্তা শারমিন সুলতানা।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক ষ্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার



২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
ডা: মোসা: নুরুন্নাহার বেগম
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
উপ-পরিচালক (অব:)
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা: বি.ডি দাস (পিকলু)
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
সি.এম.ইউ (আল্ট্রাসনো)
গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক
রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডা:নাজনীন সুলতানা কনা
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ
এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত
ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মো: আব্দুল আল মারুফ
এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)
বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব
এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ
সিসিডি (ডায়াবেটিস: বারডেম)
পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোস্টন ইউনিভার্সিটি আমেরিকা)
সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)
রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)
রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডা: ইসরাত জেরিন
এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস), সি.এম.ইউ (আল্ট্রা)
মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক
আবাসিক মেডিকেল অফিসার
রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম
বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)
সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)
ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকাল্টি
রেজি: নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)
পুষ্টি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন:
মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯
মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

## মির্জা ফখরুল

চূড়ান্ত কপিতে কিছু দফায় গোপনে সংশোধন আনা হয়েছে। "শেখ মুজিবুর রহমানের ছবি সরকারি ও বেসরকারি অফিসে টানানোর বিধান বিলুপ্তির বিষয়ে প্রায় সব দল একমত হলেও সেটি সনদে রাখা হয়নি। একইভাবে সংবিধানের ১৫০(২) অনুচ্ছেদের (পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম তফসিল) বিলুপ্তির প্রস্তাবও বাদ দেওয়া হয়েছে,"ড়বলেন তিনি।

বিএনপি মহাসচিব বলেন, "জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় আমরা ঐতিহাসিক অনুষ্ঠানে সনদের অঙ্গীকারনামায় স্বাক্ষর করেছিলাম, কিন্তু পরে চূড়ান্ত কপি আমাদের দেখানো হয়নি।" তিনি আরও বলেন, সরকার 'জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ ২০২৫' নামে যে আদেশ জারি করতে যাচ্ছে, তা সরকারের এখতিয়ারের বাইরে। "সংবিধানের ১৫২ অনুচ্ছেদ অনুসারে 'আদেশ' আইনের মর্যাদাসম্পন্নড়য়া কেবল রাষ্ট্রপতির এখতিয়ার। সরকার এভাবে আদেশ জারি করলে তা হবে সম্পূর্ণ অসাংবিধানিক,"ড় অভিযোগ করেন মির্জা ফখরুল। তিনি আরও বলেন, ঐকমত্য কমিশনের সুপারিশে ৪৮টি দফা গণভোটে তোলার প্রস্তাব করা হলেও রাজনৈতিক দলগুলোর ভিন্নমত ও 'নোট অব ডিসেন্ট' অন্তর্ভুক্ত করা হয়নি। "এতে প্রমাণ হয়, এক বছরের আলোচনার সব প্রচেষ্টা অর্থহীন ছিলড়এটা জাতির সঙ্গে এক নিঃশব্দ প্রতারণা ছাড়া কিছুই নয়।" সংবাদ সম্মেলনে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান, হাফিজ উদ্দিন আহমেদ, সালাহউদ্দিন আহমদ, নজরুল ইসলাম খান প্রমুখ উপস্থিত ছিলেন।

## ব্রাজিলে রক্তাক্ত পুলিশি অভিযান, নিহত কমপক্ষে ১৩২ জন

সূর্যোদয় প্রতিবেদন

ব্রাজিলের রিও দে জেনিরো শহরে মাদক পাচারকারীদের বিরুদ্ধে একটি ভয়াবহ পুলিশি অভিযান চালানো হয়েছে, এতে কমপক্ষে ১৩২ জনের মৃত্যু হয়েছে। স্থানীয় পুলিশ কর্মকর্তাদের মতে, নিহত ১৩২ জনের মধ্যে বেশিরভাগই কমান্ডো ভার্মেলো গ্যাং-এর সন্দেহভাজন। এ ঘটনায় চারজন পুলিশ অফিসারও নিহত হয়েছেন। বিবিসি, আল-জাজিরা ও এএফপি সূত্রে জানা গেছে, পেনহা কমপ্লেক্স এবং আলেমাও কমপ্লেক্স এলাকায় এই অভিযানে আড়াই হাজার পুলিশ কর্মকর্তা অংশগ্রহণ করেন। তবে কয়েকজন ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দা পুলিশের বিরুদ্ধে সরাসরি হত্যার অভিযোগ তুলেছেন। মৃতদেহ রাস্তার পাশে রাখার ফলে শোকাহতরা সেখানে জড়ো হন। একজন নারী পেনহা কমপ্লেক্স থেকে এফপি নিউজকে বলেন, "রাজ্য হত্যাযজ্ঞ করতে এসেছে, এটি কোনো পুলিশি অভিযান ছিল না। তারা সরাসরি মানুষ হত্যার জন্য এসেছে।" ৩৬ বছর বয়সী বাসিন্দা ও সক্রিয়তাবাদী রাউল সান্তিয়াগো জানান, "অনেক মানুষকে মাথার পেছন এবং পিঠে গুলি করে হত্যা করা হয়েছে। এটা সাধারণ জননিরাপত্তার সঙ্গে মিলিয়ে দেখা যায় না।" ব্রাজিলের আইনমন্ত্রী রিকর্ডো লেওয়ানডোস্কি বলেন, প্রেসিডেন্ট লুলা দা সিলভা নিহতের সংখ্যায় হতবাক হয়েছেন, কারণ এই অভিযান ফেডারেল সরকারের অনুমতি ছাড়া পরিচালিত হয়েছে। স্থানীয় মিডিয়ার খবরে জানা গেছে, মৃতদেহের সংখ্যা প্রাথমিকভাবে ৫০ থেকে ৭০ জনের মধ্যে অনুমান করা হয়েছিল। অনেক মৃতদেহ পাহাড়ি এলাকা থেকে উদ্ধার করা হয়েছে, যেখানে পুলিশের সঙ্গে গ্যাংদের সংঘর্ষ সবচেয়ে বেশি হয়েছিল।

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা
প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী),
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি .
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স



অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা



ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

## তারেকের নির্দেশনায় নতুন থ্রিলারে জোভান-পায়েল

বিনোদন ডেস্ক

অর্থের মোহে মানুষ কী না করে! কেউ হালাল পথে চলে, কেউ আবার একটু শর্টকাট খুঁজে নেয়। সেই মোহ, সেই শর্টকাটের গল্প নিয়েই ইউটিউবে আসছে এক অনন্য নির্মাণ- ডার্ক কমেডি থ্রিলার 'টাকা'। তারেক রহমানের রচনা ও পরিচালনায় নাটকটির প্রধান চরিত্রে অভিনয় করেছেন ফারহান আহমেদ জোভান ও কেয়া পায়েল।

জোভানের চরিত্রে থাকছে মনস্তাত্ত্বিক ছায়া ও ডার্ক কমেডির নতুন রূপ, যা দর্শকদের চমকে দেবে বলে জানান নির্মাতা। অভিনয়ে আরও আছেন শিবা সানু, ডন হক, আরমান পারভেজ মুরাদ, এ কে আজাদ সেতু, পারভেজ সুমন ও সাইমুম সাজিদ।

নাটকটির চিত্রগ্রাহকের কাজ করেছেন সুমন হোসেন, সঙ্গীত পরিচালক সাইদ নাফিস, শিল্প নির্দেশক কামরুজ্জামান সুমন এবং মেকআপশিল্পী ছিলেন মাসুদ রানা। পরিচালক তারেক রহমান বলেন, বাংলাদেশে ডার্ক কমেডি থ্রিলার এখনো নতুন ঘরানা। 'টাকা' দর্শকদের অন্যরকম অভিজ্ঞতা দেবে। এটি ইউটিউবে মুক্তি পাবে আগামী ২০ নভেম্বর, জাগো এন্টারটেইনমেন্টের অফিসিয়াল চ্যানেলে। নাটকটি প্রযোজনা করেছে জাগো এন্টারটেইনমেন্ট। এর প্রযোজক নাজমুল হুদা শাপলা এবং নির্বাহী প্রযোজক মাসুদ মুনসুর ও সমন্বয়ে ছিলেন উদয় চৌধুরী।



রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩ ,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০

| | |
|---|---|
| ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী ) কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, ব্যাত ব্যাথা, শিরারোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধা ৬.৩০ পর্যন্ত। | ডাঃ বিপুল কুমার বিশ্বাস সহকারী অধ্যাপক এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ । বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা |
| ডাঃ মোঃ ইয়ানুর হোসেন এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি) কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া ) বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা। | ডাঃ মোঃ আবুল কাশেম এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ)-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফেলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা। |
| ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির) সহকারী অধ্যাপক এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু), ডিএলও (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল। প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা । | ডাঃ মোঃ রোকনুজ্জামান এমবিবিএস(রাজশাহী), এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও যৌন বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা। |
| ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব) সহকারী অধ্যাপক এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী) ,সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা | ডাঃ এম এম কবির শাওন এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট । প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা। |
| ডাঃ মোঃ আরিফুল ইসলাম সহকারী অধ্যাপক এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিক সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত। | ডাঃ মাহবুবা তাজমিলা এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু) । প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা |
| ডাঃ মেহেদী হাসান জনি এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য) এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী) প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা। | ডাঃ মোঃ সফিউল আলম এমবিবিএস, এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা। |


আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত,
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসুতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শুক্রবার, ৩১ অক্টোবর ২০২৫ ইং

## গ্রামীণ ন্যায়বিচারে আশার আলো

মেহেরপুর জেলার গ্রাম আদালতগুলোর সাম্প্রতিক কর্মতৎপরতা নিঃসন্দেহে প্রশংসনীয়। গত তিন মাসে ২০টি ইউনিয়নে ৪৭৫টি মামলা দায়েরের মধ্যে ৪৩৪টি নিষ্পত্তি এ পরিসংখ্যান স্থানীয় বিচারব্যবস্থার প্রতি সাধারণ মানুষের আস্থা বৃদ্ধির স্পষ্ট প্রমাণ। বিশেষ করে ক্ষতিপূরণ হিসেবে আদায় হওয়া ৪৮ লাখ টাকারও বেশি অর্থ প্রমাণ করে যে গ্রাম আদালত কেবল বিচারই দিচ্ছে না, ক্ষতিগ্রস্ত মানুষকেও প্রকৃত অর্থে সহায়তা করছে।

বাংলাদেশের গ্রামীণ সমাজে দীর্ঘদিন ধরে ন্যায়বিচার পাওয়া ছিল সময়সাপেক্ষ ও ব্যয়সাপেক্ষ ব্যাপার। দূরবর্তী জেলা আদালতে যাতায়াত, মামলা পরিচালনার জটিলতা, আর্থিক সীমাবদ্ধতা এসব কারণে সাধারণ মানুষ প্রায়শই ন্যায়বিচার থেকে বঞ্চিত হতেন। কিন্তু গ্রাম আদালত ব্যবস্থার মাধ্যমে সেই দুর্ভোগ অনেকটাই কমে এসেছে। এখানে স্থানীয় পর্যায়ের জনপ্রতিনিধিদের অংশগ্রহণ এবং দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা জনগণের আস্থা অর্জন করছে। তবে সাফল্যের এই ধারাকে ধরে রাখতে হলে কিছু বিষয় নজরে রাখা জরুরি। প্রথমত, গ্রাম আদালতের সংশ্লিষ্ট সদস্যদের নিয়মিত প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে, যাতে তাঁরা আইনি প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করতে পারেন। দ্বিতীয়ত, বিচার প্রক্রিয়ায় স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রাখা আবশ্যক। কোনো রাজনৈতিক প্রভাব বা ব্যক্তিগত স্বার্থ যেন এই আদালতের কার্যক্রমে ছায়া ফেলতে না পারে, সেদিকে সতর্ক থাকতে হবে। তৃতীয়ত, গ্রাম আদালত সম্পর্কে সাধারণ মানুষের সচেতনতা বাড়ানো দরকার যাতে আরও বেশি মানুষ এই ব্যবস্থার সুফল পেতে পারেন।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের আহ্বানের মতো, গ্রাম আদালতকে সক্রিয় ও কার্যকর রাখতে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও নাগরিক সমাজড়সব পক্ষের সমন্বিত উদ্যোগ প্রয়োজন। এই উদ্যোগ অব্যাহত থাকলে, গ্রামীণ ন্যায়বিচার ব্যবস্থায় মেহেরপুর একটি মডেল জেলায় পরিণত হতে পারে। গ্রাম আদালতের এই সাফল্য তাই শুধু সংখ্যার নয়, এটি একটি সামাজিক পরিবর্তনের প্রতীক। ন্যায়বিচার যখন মানুষের দোরগোড়ায় পৌঁছে যায় তখনই প্রকৃত গণতন্ত্র ও উন্নয়নের ভিত্তি দৃঢ় হয়।

## মেহেরপুরে ৫ ভিন্ন মামলায় ৬

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিবেশীর সীমানায় গেলে এ নিয়ে বাকবিতণ্ডা সৃষ্টি হয়। পরে আসামিরা বাদীর পরিবারের সদস্যদের ওপর লাঠি ও রড নিয়ে হামলা চালায়, এতে কয়েকজন আহত হন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৭(ক) ও ১৯(৪) ধারা, ২০১৮ সালের সড়ক পরিবহন আইনের ৯৮ ও ১০৫ ধারা ও দণ্ডবিধির ৩২৩ ধারায় দোষী সাব্যস্ত হওয়ায় আদালত এ রায় দেন।

## মেহেরপুরে তালাবদ্ধ গোডাউনে

(প্রথম পৃষ্টার পর)

গিয়ে তালাবদ্ধ গোডাউনের ভেতর থেকে মরদেহটি উদ্ধার করে। স্থানীয়রা জানান, দীর্ঘদিন ধরে ওই স্থানে ফার্নিচারের কাজ চলছিল। কিন্তু হঠাৎ গত কয়েকদিন ধরে কাজের শব্দ বা কাউকে দেখা যায়নি। পরে দুর্গন্ধ ছড়ালে এলাকাবাসী সন্দেহ করে পুলিশে খবর দেয়। এদিকে বিপ্লবের সঙ্গে থাকা দুই সহযোগী এখনো নিখোঁজ রয়েছেন। তাদের অবস্থান সম্পর্কে এখন পর্যন্ত কোনো তথ্য পাওয়া যায়নি। গাংনী থানার ওসি (তদন্ত) আল মামুন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে তালাবদ্ধ গোডাউন থেকে মরদেহ উদ্ধার করা হয়েছে। মৃত্যুর সঠিক কারণ জানতে পুলিশ একাধিক টিম কাজ করছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর বিস্তারিত জানা যাবে।

## আহ্বান সেনাপ্রধানের

(প্রথম পৃষ্টার পর)

আহ্বান জানান। আইএসপিআর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, সেনাবাহিনী প্রধান এসিএন্ডএস-এ পৌঁছালে তাকে অভ্যর্থনা জানান জিওসি, আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড; জিওসি, ২৪ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, চট্টগ্রাম এরিয়া এবং কমান্ড্যান্ট, এসিএন্ডএস। সম্মেলনে সেনাপ্রধান উপস্থিত রেজিমেন্ট অব আর্টিলারি ও আর্মি এয়ার ডিফেন্স কোরের কমান্ডার ও অধিনায়কদের উদ্দেশে বলেন, "আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণই হচ্ছে সেনাবাহিনীর শক্তি বৃদ্ধির মূল উপাদান। একবিংশ শতাব্দীর কঠিন চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের সব সদস্যকে প্রস্তুত থাকতে হবে।" তিনি উভয় কোরের গৌরবোজ্জ্বল ঐতিহ্য, দেশের সার্বভৌমত্ব রক্ষায় অবদান ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধির গুরুত্ব তুলে ধরেন। মতবিনিময় পর্বে সেনাবাহিনী প্রধান কোরগুলোর প্রযুক্তিগত উন্নয়ন, গবেষণা, পেশাগত দক্ষতা বৃদ্ধি ও ভবিষ্যৎ পরিকল্পনাসংক্রান্ত নানা বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, সেনাবাহিনীকে আরও দক্ষ, সক্ষম ও প্রযুক্তিনির্ভর করে গড়ে তুলতে সকলকে নিষ্ঠা ও দায়িত্ববোধের সঙ্গে কাজ করতে হবে। জিওসি, আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড; মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর; জিওসি, ১৭ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, সিলেট এরিয়া; জিওসি, ২৪ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, চট্টগ্রাম এরিয়া; মাস্টার জেনারেল অব দি অর্ডন্যান্স, বাংলাদেশ সেনাবাহিনী; চেয়ারম্যান, বেপজা; সেনা সদরের উর্ধ্বতন কর্মকর্তারা ও বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধিরা। এছাড়া বাংলাদেশ সেনাবাহিনীর সব আর্টিলারি ও এয়ার ডিফেন্স ব্রিগেডের কমান্ডাররা, বিভিন্ন ইউনিটের অধিনায়করা সম্মেলনে অংশ নেন।

## নার্সিং কর্মকর্তাদের মানববন্ধন: স্বতন্ত্র

(প্রথম পৃষ্টার পর)

অ্যাসোসিয়েশন (বিএনএ) মেহেরপুর জেলা শাখার সভাপতি চামিলি ইয়াসমিন সভাপতিত্ব করেন। এতে অংশগ্রহণ করেন ডেপুটি নার্সিং সুপারিন্টেন্ট আজিরন্নেছা, সহ-সভাপতি মোঃ আসাদুজ্জামান, সাধারণ সম্পাদক তুষার সিকদার, স্বাস্থ্য সহকারী ও মিডওয়াইফারি প্রতিনিধি মোছা: আমেনা খাতুনসহ নার্স, মিডওয়াইফ এবং শিক্ষার্থীরা। নার্সিং কর্মকর্তারা বলেন, অধিদপ্তরের স্বতন্ত্র কাঠামো, প্রশাসনিক ক্ষমতা ও পেশাগত স্বায়ত্তশাসন অক্ষুণ্ণ রাখা জরুরি। ১৯৭৭ সালে "সেবা পরিদপ্তর" থেকে ২০১৬ সালে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে উন্নীত হওয়া সত্ত্বেও নিয়োগবিধি, অর্গানোগ্রাম ও ক্যারিয়ার বাস্তবায়ন হয়নি। তারা জাতীয় নার্সিং কমিশন গঠনের পাশাপাশি অধিদপ্তরকে শক্তিশালী ও আধুনিক করার দাবি জানান।এছাড়াও নিয়োগবিধি বাস্তবায়ন, পদোন্নতি, বেতন বৈষম্য নিরসন, ঝুঁকিভাতা, স্বতন্ত্র নার্সিং বিশ্ববিদ্যালয় স্থাপন এবং ভুয়া নার্স নির্মূলেরও দাবি জানান।মানববন্ধন শেষে তারা সরকারের কাছে দ্রুত পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানান।

## ঝিনাইদহে নদীতে ডুবে দুই শিশুর

(প্রথম পৃষ্টার পর)

পড়ে যায়। তাকে উদ্ধারের চেষ্টা করতে গিয়ে তাসনিমও পানিতে পড়ে যায়। এক পর্যায়ে আশপাশের অন্য শিশুরা ঘটনাটি দেখে বাড়িতে খবর দেয়। পরে পরিবারের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে নদী থেকে দুই শিশুর লাশ উদ্ধার করেন।কাতলামারী পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) জাহাঙ্গীর আল মামুন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় শিশুদের মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করে দাফনের অনুমতি দেওয়া হয়েছে।

## মেহেরপুরে চেক প্রতারণা মামলায়

(প্রথম পৃষ্টার পর)

দেয়। বিষয়টি জানানো হলেও আসামি নানা অজুহাতে টাকা পরিশোধ করেননি। এরপর বাদী আইনজীবীর মাধ্যমে ৩০ জুন ২০১৯ তারিখে আসামির ঠিকানায় আইন অনুযায়ী নোটিশ পাঠান। কিন্তু আসামি নোটিশ গ্রহণে গড়িমসি করে আত্মগোপন করেন। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ পরিশোধ না করায় বাদী আদালতের আশ্রয় নেন।

দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আদালত আসামির অপরাধ প্রমাণিত হওয়ায় তাকে এ.এন.আই অ্যাক্ট ১৮৮১-এর ১৩৮ ধারায় ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও চেকের সমপরিমাণ ১ কোটি ২ লাখ ৭৮ হাজার ৬০০ টাকার অর্থদণ্ডে দণ্ডিত করেন। তবে আসামী মো. সাজেদুর রহমান সুমন মামলা চলা কালনি সময়ে নিয় মিত আদালতে হাজিরা দিলেও রায়ের দিন আদালতে হাজির ছিলোনা। রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনা করেন অ্যাডভোকেট মোখলেছুর রহমান স্বপন এবং আসামির পক্ষে ছিলেন খ. ম. ইমতিয়াজ হারুন বিন জুয়েল।

মিজানুর রহমান অপু

# মেহেরপুরে রাস্তায় নৈরাজ্য: যানজট আর বিশৃঙ্খলা কত দিন?



মেহেরপুর শহরের রাস্তায় প্রতিদিনই দেখা যায় এক অচল যানজট। ছোট মোটরসাইকেল থেকে শুরু করে বড় ট্রাক ও বাস সবাই যেন একে অপরের চলাচলে বাধা দিচ্ছে। শহরের ব্যস্ততম রাস্তাগুলো কখনও কখনও মানুষের চলাচলের জন্য নয়, বরং যানবাহনের নৈরাজ্যের জন্য ব্যবহৃত হয়। সকাল ৮টা বা সন্ধ্যা ৬টার সময়, স্কুলছাত্র, অফিসগামী সবাই একই রাস্তায় একসাথে। রাস্তার ধার ঘেঁষে অবৈধ পার্কিং, দোকানপাটের জট এবং অযথা লোডিং-আনলোডিং সব মিলিয়ে যানজটের সৃষ্টি হয়। এতে শিক্ষার্থী দেরিতে পৌঁছায়, রোগী পরিবহনকারী অ্যাম্বুলেন্স আটকে যায়, এবং জরুরি কাজকর্মে ব্যাঘাত ঘটে। এটি শুধু সময়ের অপচয় নয়; মানসিক চাপ বৃদ্ধি, দুশ্চিন্তা এবং নিরাপত্তা ঝুঁকি বৃদ্ধি করাও একটি বড় সমস্যা। অনেক সময় ছোটখাটো সংঘর্ষ থেকে বড় দুর্ঘটনাও ঘটে। মূল কারণগুলো: অপরিকল্পিত পার্কিং এবং রাস্তার ধারে স্থাপনা। পর্যাপ্ত ট্রাফিক পুলিশের অনুপস্থিতি। জনসচেতনতার অভাব এবং নিয়ম অমান্য করা। সমাধান অসম্ভব নয়। শহরে সঠিক ট্রাফিক সিগন্যাল, নিয়মিত ট্রাফিক পুলিশের মোতায়েন, নির্দিষ্ট পার্কিং জোন এবং জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে রাস্তায় শান্তি ফেরানো সম্ভব। ভারি যানবাহনের চলাচল নির্দিষ্ট সময়ে সীমিত করা গেলে শহরের ব্যস্ত রাস্তাগুলো কিছুটা মুক্ত হবে। মেহেরপুরবাসী দীর্ঘদিন ধরে এই ভোগান্তি সহ্য করছে।

এখন সময় এসেছে নৈরাজ্য চরম আকার ধারণ করার আগে পদক্ষেপ নেওয়া উচিত। রাস্তাগুলো কেবল যানবাহনের জন্য নয়, মানুষের জীবন ও নিরাপত্তার জন্যও গুরুত্বপূর্ণ। চলাচলের স্বচ্ছলতা নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব।

# বিসমিল্লাহ ও আউজুবিল্লাহ: দৈনন্দিন জীবনে ব্যবহার

শাব্বির আহমদ

ইসলামে প্রতিটি কাজ আল্লাহর নামে শুরু করা খুবই গুরুত্বপূর্ণ। 'বিসমিল্লাহির রাহমানির রাহিম' এবং 'আউজুবিল্লাহি মিনাশ শাইতানির রাজিম' পাঠের মাধ্যমে আমরা আল্লাহর আশ্রয় প্রাপ্ত হই এবং শয়তানের প্ররোচনা থেকে সুরক্ষিত থাকি। বিসমিল্লাহ অর্থ: "পরম দয়ালু, অনুগ্রাহীতার অধিকারী আল্লাহর নামে শুরু করছি।" প্রতিদিনের সকল ভালো ও বৈধ কাজে বিসমিল্লাহ পড়ুন । খাবার খাওয়া শুরু করার আগে বিসমিল্লাহ পড়ুন।

ঘরে প্রবেশের আগে: ঘরে ঢুকার সময় আল্লাহর নামে শুরু করা। যাত্রা বা যেকোনো কাজ শুরু করার আগে: যেমন স্কুলে যাওয়া, অফিসে যাওয়া বা বাজারে যাওয়া। এতে আল্লাহর বরকত বৃদ্ধি পায়। কাজ সফল হয় এবং শান্তি আসে। আর আউজুবিল্লাহ আর্থ "শয়তানের প্ররোচনা থেকে আল্লাহর আশ্রয় চাই।" শয়তানের প্রভাব থেকে বাঁচতে, খারাপ প্ররোচনা, রাগ, বা খারাপ স্বপ্নের সময় আউজুবিল্লাহ পড়তে হয় । কোরআন পড়ার আগে: কোরআন শুরু করার আগে আউজুবিল্লাহ পড়ুন। নামাজের আগে: তাকবিরে তাহরিমা ও সানা পড়ার পর। রাগ বা কুমন্ত্রণা দেখা দিলে: কাউকে বিরক্ত হলে বা রাগ অনুভব করলে, আল্লাহর কাছে আশ্রয় নিন। খারাপ স্বপ্ন দেখলে: রাতে খারাপ স্বপ্ন দেখলে তিনবার আউজুবিল্লাহ পড়ুন এবং শয়ন পরিবর্তন করুন। এতে শয়তানের প্ররোচনা থেকে রক্ষা পাওয়া যায়। মন শান্ত হয় এবং ঈমানের দৃঢ়তা বৃদ্ধি পায়। কখন বিসমিল্লাহ বা আউজুবিল্লাহ প্রয়োজন নেই : বক্তৃতা বা আলোচনা শুরুতে সাধারণভাবে আল্লাহর প্রশংসা ও দরুদ পাঠ করা যথেষ্ট। আজান ও নামাজ শুরু করার সময় 'আল্লাহু আকবার' বলা নিয়মিত। সহজ নিয়ম মনে রাখার জন্য: যে কোনো ভালো কাজের শুরুতে: বিসমিল্লাহ আর কোনো কাজে শয়তানের প্ররোচনার আশঙ্কা থাকলে: আউজুবিল্লাহ পড়েন। কোরআন পাঠ শুরু বা খারাপ স্বপ্নের সময়: আউজুবিল্লাহ আর নামাজে সুরা ফাতিহা পড়ার আগে: প্রথমে আউজুবিল্লাহ, এরপর বিসমিল্লাহ পড়েন। বিসমিল্লাহ ও আউজুবিল্লাহ শুধু ভাষা নয়, এগুলো আল্লাহর স্মরণ ও সুরক্ষা। দৈনন্দিন জীবনের ছোট ছোট কাজ থেকে বড় কাজ সবকিছুর শুরুতে এগুলো ব্যবহার করলে শান্তি, বরকত ও সাফল্য নিশ্চিত হয়।

## নরমাল ডেলিভারির মা ও শিশুকে

(প্রথম পৃষ্টার পর)

শিশুকে জন্ম দেন। নবজাতকের নাম রাখা হয় হুমায়রা আফরিন। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের নির্দেশে মা ও শিশুকে ফুলেল শুভেচ্ছা এবং উপহার সামগ্রী প্রদান করা হয়। মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রুমানা হেলালি জুশিও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দুই

(প্রথম পৃষ্টার পর)

(৫২)। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর পৌর এলাকার গোরস্থান পাড়ায় মাদকবিরোধী অভিযান চালানো হয়। অভিযানের সময় তিন গ্রাম হেরোইনসহ জনি খাঁ ও তাহাজ্জেলকে আটক করা হয়। পরে ঘটনাস্থলেই ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাদের ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং এক হাজার টাকা করে জরিমানা প্রদান করা হয়। অভিযানে প্রশাসনের কর্মকর্তাসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরাও উপস্থিত ছিলেন।

## প্রতীক তালিকায় যুক্ত হলো 'শাপলা

(প্রথম পৃষ্টার পর)

অন্যান্য বিধান সাপেক্ষে কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে অনুচ্ছেদ ২০ এর দফার অধীন স্থগিতকৃত প্রতীক ব্যতীত নিম্নবর্ণিত প্রতীকগুলো হইতে প্রাপ্যতা সাপেক্ষে যেকোনো একটি প্রতীক বরাদ্দ করা যাইবে।" নির্বাচন কমিশন সূত্র জানিয়েছে, রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থীদের জন্য সহজে সনাক্তযোগ্য প্রতীক রাখার লক্ষ্যে প্রতি বছর প্রতীক তালিকা পর্যালোচনা করা হয়। এরই অংশ হিসেবে 'শাপলা কলি' প্রতীকটি যুক্ত করা হয়েছে। ইসির কর্মকর্তারা জানান, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে কমিশন নির্বাচনী প্রস্তুতির অংশ হিসেবে প্রতীক তালিকা হালনাগাদ করছে।

## টুর্নামেন্টে রশিকপুর একাদশের জয়

(প্রথম পৃষ্টার পর)

বিজয়ী দলের জয়সূচক গোলটি করা হয়। শোলমারীর স্বপনকে হলুদ কার্ড দেখানো হয়। রশিকপুরের গোলদাতা রকি ম্যাচের সেরা খেলোয়াড় (ম্যান অব দ্যা ম্যাচ) হিসেবে নির্বাচিত হন। খেলা শেষে ম্যান অব দ্যা ম্যাচ এবং গোলদাতার পুরস্কার প্রদান করেন বশির উদ্দিন, রিপন বিশ্বাস ও উসনাই।

## আমানউল্লাহ আমান

চালিয়েছে, ভোটাধিকার কেড়ে নিয়ে গণতন্ত্রকে ধ্বংস করেছে। এখন দেশে গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন চলছেড় বিএনপি সেই আন্দোলনের নেতৃত্ব দিচ্ছে, আর জনগণ বিএনপির পাশে রয়েছে।" তিনি আরও বলেন, "গত ১৫ বছরের কলঙ্ক সবাই দেখেছে। আওয়ামী লীগের নামে এখন আর রাজনীতি করা সম্ভব নয়। জনগণ তাদের মুখও দেখতে চায় না।" নির্বাচন প্রসঙ্গে আমানউল্লাহ আমান বলেন, "একটি দল ষড়যন্ত্র ও চক্রান্তের মাধ্যমে নির্বাচন বানচালের চেষ্টা করছে। স্বাধীনতার সময় যাদের বিতর্কিত ভূমিকা ছিল, তারা এখন পিআর পদ্ধতির নামে নতুন করে চক্রান্ত করছে। তবে আমরা স্পষ্ট করে বলতে চাইড় নির্বাচন বানচাল করা যাবে না।" আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন ঢাকা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ব্যারিস্টার ইরফান ইবনে আমান অমি, স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

## মেহেরপুর গোল্ড কাপ ফুটবলে

(প্রথম পৃষ্টার পর)

ইউনিয়ন একাদশকে পরাজিত করে। খেলার প্রথমার্ধের ৯ মিনিটে রিয়াদ গোল করে পৌরসভা একাদশকে এগিয়ে নেন। দ্বিতীয়ার্ধের ২৪ মিনিটে শাকিল গোলের ব্যবধান দ্বিগুণ করেন। খেলা শেষ হওয়ার ৩০ সেকেন্ড আগে রিয়াদ নিজের দ্বিতীয় গোল করে দলের জয় নিশ্চিত করেন। বিজয়ী দলের রিয়াদকে 'ম্যান অব দ্যা ম্যাচ' নির্বাচিত করা হয়। পুরস্কার তুলে দেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা। এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা প্রশাসনের কর্মকর্তা ও জেলা ক্রীড়া সংস্থার সদস্যদের মধ্যে মাহফুজুর রহমান, সাইদুর রহমান জিকো এবং জেলা ফুটবল কোচ আব্দুল মালেক।

## শিক্ষাবিদ এম সাফদার অলী'র

(প্রথম পৃষ্টার পর)

অডিটরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক ও সাবেক জেলা শিক্ষা কর্মকর্তা আ. ক. ম. ইসমাইল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সাবেক প্রধান শিক্ষক শহিদুল ইসলাম ও মোসলেম আলী। অনুষ্ঠানে সহকারী প্রধান শিক্ষক মো. এনামুল হক প্রমুখ বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সানজিদা ইসলাম। বক্তারা তাঁদের আলোচনায় মরহুম এম সাফদার অলী'র বর্ণাঢ্য কর্মজীবন ও শিক্ষাক্ষেত্রে তাঁর অসামান্য অবদান তুলে ধরেন। তাঁরা বলেন, এম সাফদার অলী ছিলেন এক নিবেদিতপ্রাণ শিক্ষক, যিনি শিক্ষার প্রসারে আজীবন কাজ করে গেছেন।

## মেহেরপুরের জেলা বিএনপির সাধারণ

(প্রথম পৃষ্টার পর)

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন। গণসংযোগ কর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, মীর ফারুক, জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লা, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত খান ও সাধারণ সম্পাদক নাজমুল বিশ্বাস, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু ও সাধারণ সম্পাদক সোনা গাইন, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন ও সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, আমদহ ৯নং ওয়ার্ড বিএনপির সভাপতি জাহাঙ্গীর হোসেন, বিএনপি নেতা নাহিদ আহমেদসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

## দর্শনা থেকে ৫ কেজি ভারতীয় রুপা

(প্রথম পৃষ্টার পর)

দেখলে তাদের থামার সংকেত দেওয়া হয়। বিজিবি'র সংকেত দেখে ওই দুই মোটরসাইকেল আরোহী পালিয়ে যায়। পরে আভিযানিক দলটি মোটরসাইকেল তল্লাশি করলে তেলের ট্যাংকারে বিশেষভাবে লুকানো ৫ কেজি ৯১২ গ্রাম ভারতীয় রুপা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মোটরসাইকেল ও রুপার আনুমানিক বাজার মূল্য ২৩ লাখ ১ হাজার ৯৬৮ টাকা। এ ঘটনায় হাবিলদার মিজানুর রহমান বাদী হয়ে দুই জনকে অজ্ঞাত আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন। উদ্ধারকৃত রুপাগুলো চুয়াডাঙ্গা ট্রেজারিতে জমা দেওয়ার বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।

# জিনপিংয়ের সঙ্গে বৈঠকের পর চীনের ওপর শুল্ক কমালেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে বৈঠকের পর দেশটির ওপর আরোপিত শুল্ক কমানোর ঘোষণা দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি জানিয়েছেন, চীনা পণ্যের ওপর আরোপিত শুল্ক ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ করা হয়েছে। পাশাপাশি দীর্ঘদিনের 'রেয়ার আর্থস রোডব্লক' বা বিরল খনিজ বাণিজ্যবিরোধেরও অবসান ঘটেছে। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) প্রেসিডেন্টের সরকারি বিমান এয়ার ফোর্স ওয়ান থেকে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, "এটি ছিল এক অসাধারণ বৈঠক। প্রেসিডেন্ট শি একজন মহান নেতা। আমরা বহু গুরুত্বপূর্ণ বিষয়ে সমঝোতায় পৌঁছেছি। এর বিস্তারিত শিগগিরই জানানো হবে।" তিনি আরও বলেন, "যুক্তরাষ্ট্রে ফেন্টানাইল প্রবেশ রোধে চীনের ওপর আমি ২০ শতাংশ শুল্ক আরোপ করেছিলাম। এখন সেটি ১০ শতাংশে নামানো হয়েছে এবং এই সিদ্ধান্ত তাৎক্ষণিকভাবে কার্যকর হয়েছে।" বিরল খনিজ বা রেয়ার আর্থ এলিমেন্টস সংক্রান্ত বাণিজ্যবিরোধ দীর্ঘদিন ধরে দুই দেশের সম্পর্কে উত্তেজনার কারণ ছিল। এসব খনিজ পদার্থ উচ্চপ্রযুক্তি পণ্য, বৈদ্যুতিক যান, মোবাইল ফোন ও সামরিক সরঞ্জাম তৈরিতে অপরিহার্য। এই খাতে চীনের একচেটিয়া প্রভাব থাকায় যুক্তরাষ্ট্র বারবার উদ্বেগ জানিয়ে আসছিল। ট্রাম্প বলেন, "রেয়ার আর্থ বা গুরুত্বপূর্ণ খনিজ বাণিজ্য সংক্রান্ত ইস্যুটি এখন সম্পূর্ণ নিষ্পত্তি হয়েছে। চীনের পক্ষ থেকে আর কোনো রোডব্লক নেই। এটি শুধু যুক্তরাষ্ট্র নয়, সারা বিশ্বের জন্যই বড় স্বস্তির বিষয়।" বৈঠকে কৃষিপণ্যের বাণিজ্য নিয়েও গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে বলে জানান মার্কিন প্রেসিডেন্ট।"চীন এখন থেকে বিপুল পরিমাণ সয়াবিন কিনবে। আমি এর প্রশংসা করি," বলেন ট্রাম্প। বৈঠকের শেষে দুই নেতার মধ্যে দ্বিপাক্ষিক সফরসূচিও নির্ধারিত হয়েছে। ট্রাম্প জানান, আগামী এপ্রিল মাসে তিনি চীন সফর করবেন, এর পর প্রেসিডেন্ট শি জিনপিং যুক্তরাষ্ট্র সফর করবেন। বিশ্লেষকরা বলছেন, সাম্প্রতিক বছরগুলোতে বাণিজ্য, প্রযুক্তি ও ভূরাজনৈতিক ইস্যুতে সম্পর্কের টানাপোড়েনের মধ্যে এই বৈঠক নতুন এক ইতিবাচক অধ্যায়ের সূচনা করতে পারে। শুল্ক হ্রাস এবং বিরল খনিজ ইস্যু সমাধানড় উভয় দেশকেই অর্থনৈতিকভাবে স্বস্তি দেবে বলে মনে করছেন তারা।

# আফগানিস্তানের সঙ্গে পুনরায় আলোচনায় বসতে রাজি পাকিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

তুরস্কের অনুরোধে পাকিস্তান পৌঁছে দিয়েছে কাবুলের তালেবান সরকারের সঙ্গে বন্ধ হয়ে যাওয়া সংলাপ পুনরায় শুরু করার প্রস্তুতিমূলক সংকেত। নিরাপত্তা সূত্র বলছে, ইস্তানবুলে চলা বৈঠক আবারও পুনরায় শুরু হতে পারে ড় এ সিদ্ধান্ত শান্তি প্রক্রিয়াকে "আরেকটি সুযোগ" দেয়ার লক্ষ্যেই নেওয়া হয়েছে। এর আগে ইসলামাবাদ ও কাবুলের প্রতিনিধিদের চার দিনব্যাপী আলোচনা কোনো কার্যকর সমাধানে পৌঁছাতে ব্যর্থ হওয়ার খবর আসার পর দুইপক্ষকেই কঠোর ভাষা বলেছে। পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার সামাজিক যোগাযোগমাধ্যমে জানিয়েছেন যে ওই সংলাপ "কোনো কার্যকর সমাধান আনতে ব্যর্থ" হয়েছে এবং তালেবান প্রতিনিধিদের প্রতিশ্রুতি না থাকায় আলোচনার ফলাফল সন্তোষজনক হয়নি। পাকিস্তানি কর্তৃপক্ষ মূলত সেই তালেবান কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছে যে তারা দেশের মাটিতে সক্রিয় থাকা জঙ্গি গোষ্ঠীড় বিশেষত তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টি.টি.পি) ও বালুচিস্তানের বিদ্রোহী গোষ্ঠী (বিএলএ)ড়যাদের কর্মকাণ্ড পাকিস্তানকে লক্ষ্য করে হামলা করেড়তাদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেবে। ইসলামাবাদের বক্তব্য, কাবুলে তালেবান শাসনায় থাকা সত্ত্বেও এসব গোষ্ঠীর বিরুদ্ধে কাঠামোবদ্ধ ব্যবস্থা নেওয়া হচ্ছে না। তুরস্ক ও কাতার মধ্যস্থতায় শুরু হওয়া এই সংলাপ শেষ পর্যন্ত বিবাদে গড়ায়; দুইপক্ষ একে অপরকে দোষারোপ করেছে। তবে তুরস্কের মধ্যস্থতায় আবার আলোচনা পুনরায় চালানোর উদ্যোগ নেওয়া হচ্ছেড়এতে আঞ্চলিক উত্তেজনা কমানো এবং সীমান্ত পরিস্থিতি স্থিতিশীল রাখাই প্রধান উদ্দেশ্য বলা হচ্ছে। পাকিস্তানের প্রতিরক্ষা মন্ত্রী খাজা আসিফ ইস্তানবুলে আলোচনা ব্যর্থ হওয়ার পর তালেবান শাসনকে কড়া হুঁশিয়ারি দিয়েছেন। তিনি সতর্ক করে বলেছেন, যদি পাকিস্তানের ভূখণ্ডে সন্ত্রাসী হামলা বা আত্মঘাতী বিস্ফোরণ চালানো হয়, তাহলে তাদের বিরুদ্ধে কড়া প্রতিরোধ গ্রহণ করা হবেড়এমনকি সামরিক বিকল্পও বিবেচনা করা যেতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন। বিষয়টি আন্তর্জাতিক পর্যায়ে সাবধানতার সঙ্গে দেখা হচ্ছে কারণ দুই দেশের মধ্যে উত্তেজনা সীমান্তে আক্রোশ বাড়াতে পারে। বিশ্লেষকরা বলছেন, দুই প্রতিবেশী দেশের মধ্যকার আস্থা পুনর্গঠন ছাড়া স্থায়ী সমাধান কঠিন। বিশেষত তালেবান কর্তৃপক্ষ যদি নিষ্ক্রিয় জঙ্গি সংগঠনের কার্যক্রম নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়, তাহলে সীমান্তে সহিংসতা পুনরায় জোরদার হওয়ার আশঙ্কা থেকেই যাচ্ছে। তুরস্কড়যা মধ্যস্থতাকারীর ভূমিকায় রয়েছেড় তার প্রচেষ্টা সফল হলে আঞ্চলিক স্থিতিশীলতার জন্য তা ইতিবাচক সংকেত হবে।

# ভারতকে কোণঠাসা করে পাকিস্তানের সুরেই কথা বলছেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ কোরিয়ায় দেওয়া বক্তব্যে পাকিস্তানের অবস্থানকে আরও জোরালো করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ভারত-পাকিস্তান সংঘাতের সময় সাতটি যুদ্ধবিমান ভূপাতিত হওয়ার দাবি তুলে তিনি কার্যত ইসলামাবাদের বক্তব্যকেই মজবুত করেছেন। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে পাকিস্তানের শীর্ষস্থানীয় সংবাদমাধ্যম দ্য ডন। সংবাদমাধ্যমটির তথ্যমতে, ট্রাম্প গত কয়েক মাসে অন্তত ২৫ বার প্রকাশ্যে বলেছেন যে চলতি বছরের মে মাসে ভারত-পাকিস্তান সংঘাতে পাঁচ থেকে সাতটি "নতুন, ঝকঝকে যুদ্ধবিমান" গুলি করে ভূপাতিত করা হয়েছিল। যদিও সংঘাতের সময় দুই দেশের যুদ্ধবিমান হারানোর প্রকৃত সংখ্যা নিয়ে এখনো বিতর্ক রয়েছে, তবে ট্রাম্পের বক্তব্য পাকিস্তানের অবস্থানকে কূটনৈতিকভাবে শক্ত করেছে বলে মনে করছেন বিশ্লেষকেরা। দক্ষিণ কোরিয়ায় এক আঞ্চলিক বৈঠকে বুধবার ট্রাম্প বলেন, "ভারত ও পাকিস্তানের মধ্যে পূর্ণাঙ্গ যুদ্ধ শুরু হতে যাচ্ছিল, কিন্তু আমি ২৫০ শতাংশ শুল্কের হুমকি দিয়ে সেটি ঠেকিয়েছি। এটি কোনো দেশের জন্য আমার দেওয়া সবচেয়ে বড় বাণিজ্যিক শাস্তির হুঁশিয়ারি।" তিনি আরও বলেন, "আপনি যদি ভারত ও পাকিস্তানের দিকে তাকান... তারা তখন লড়াইয়ে লিপ্ত ছিল। সাতটা বিমান গুলি করে নামানো হয়েছিল। যুদ্ধ প্রায় শুরু হয়ে যাচ্ছিল।" ট্রাম্প এরপর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশংসা করে বলেন, "আমি ভারতের সঙ্গে বাণিজ্য চুক্তি করছি। প্রধানমন্ত্রী মোদির প্রতি আমার গভীর শ্রদ্ধা ও ভালোবাসা আছে। আমাদের সম্পর্ক চমৎকার।" অন্যদিকে পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের প্রশংসা করে ট্রাম্প বলেন, "তিনি দুর্দান্ত যোদ্ধা, একজন অসাধারণ মানুষ। পাকিস্তানের প্রধানমন্ত্রীও দারুণ মানুষ।" এর আগের দিন জাপানে ব্যবসায়ী নেতাদের উদ্দেশে এক ভাষণে ট্রাম্প একই বক্তব্য পুনর্ব্যক্ত করেন। সেখানে তিনি বলেন, "দুই বড় পারমাণবিক অস্ত্রধারী দেশ যুদ্ধের মুখে ছিল, আমি সেটি থামিয়েছি।" তবে ভারত সরকার এখনো ট্রাম্পের দাবিকে "ভিত্তিহীন" বলে উড়িয়ে দিয়েছে। নয়াদিল্লির দাবি, পাকিস্তানের সঙ্গে সংঘাতে তাদের কোনো যুদ্ধবিমান হারায়নি এবং যুদ্ধবিরতির সিদ্ধান্ত দুই দেশ পারস্পরিকভাবেই নিয়েছিল। ট্রাম্পের মন্তব্যের প্রভাব পড়েছে কূটনৈতিক ক্ষেত্রেও। মার্কিন ও ভারতীয় সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, ট্রাম্পের পাকিস্তানপ্রশংসা এড়াতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সদ্য অনুষ্ঠিত আসিয়ান সম্মেলনে অনলাইনে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। ভারতের বিরোধী দল কংগ্রেস একে "কূটনৈতিক পিছু হটা" হিসেবে আখ্যা দিয়েছে। দলের নেতা রাহুল গান্ধী বলেন, "বিব্রত হওয়ার ভয়ে মোদি আরেকটি বৈশ্বিক মঞ্চে যাওয়া থেকে নিজেকে বিরত রেখেছেন।" তবে পাকিস্তানের প্রতি এই ঝোঁক দেখালেও ট্রাম্প ইঙ্গিত দিয়েছেন, ভারতের সঙ্গে একটি বড় বাণিজ্য চুক্তিও প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বিশ্লেষকদের মতে, ট্রাম্পের বক্তব্য আন্তর্জাতিক পরিসরে পাকিস্তানের কূটনৈতিক অবস্থানকে কিছুটা শক্ত করেছে, তবে তার অর্থনৈতিক অগ্রাধিকার এখনো ভারতের সঙ্গেই গভীরভাবে জড়িত।

# আফগানিস্তান ভারতের হাতের পুতুল, দাবি পাকিস্তানের মন্ত্রীর

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানকে হাতিয়ার বানিয়ে ভারত সন্ত্রাস ছড়াচ্ছে বলে অভিযোগ করেছেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা মুহাম্মদ আসিফ। তিনি হুঁশিয়ারি দিয়েছেন, কাবুল যদি ইসলামাবাদের ওপর আক্রমণ করে, তবে তাদের বিরুদ্ধে '৫০ গুণ শক্তিশালী' জবাব দেয়া হবে। মঙ্গলবার (২৮ অক্টোবর) জিও নিউজের প্রাইমটাইম শো 'আজ শাহজেব খানজাদা-এর সঙ্গে' এ কঠোর ভাষায় আফগান প্রতিনিধি দলের সমালোচনা করেন আসিফ, খবর জানিয়েছে এনডিটিভি। আসিফ আফগানিস্তানের তালেবান সরকারের শান্তি চুক্তি থেকে পিছু হটাকে তীব্র সমালোচনা করেছেন। ইস্তানবুলে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যকার শান্তি আলোচনার নাটকীয় ব্যর্থতার পর তিনি বলেন, "গত চার দিনে বা গত সপ্তাহে যেসব আলোচনা হয়েছে, তা ভাঙা হয়েছে। আমাদের কাছে চুক্তি ছিল, কিন্তু তারা কাবুলকে ফোন করে সেই সিদ্ধান্ত থেকে পিছু হটেছে।" দ্য ডনকে উদ্ধৃত করে আসিফ আরও অভিযোগ করেন, "আমি আফগান প্রতিনিধিদলকে প্রশংসা জানাই, কিন্তু কাবুলে যারা রশি টানছে এবং পুতুলের নাটক মঞ্চস্থ করছে, তারা দিল্লি দ্বারা নিয়ন্ত্রিত।" তিনি দাবি করেন, "ভারত তাদের পশ্চিম সীমান্তে পরাজয় পূরণ করছে কাবুলের মাধ্যমে। সেখানে থাকা সামরিক শাসকগোষ্ঠীর কিছু উপাদান ভারতে গিয়েছে এবং মন্দির ভ্রমণ করেছে। ভারত পাকিস্তানের সঙ্গে কম তীব্রতার যুদ্ধ চালাতে চায়। কাবুলকে তারা সেটি বাস্তবায়নের জন্য ব্যবহার করছে।